

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ সেপ্টেম্বর ২০১৫/০১ আশ্বিন ১৪২২

নং ৩৫.০২০.০০৬.০০.০০.০১৯.২০১৩-৪১৭—The Motor Vehicle Ordinance, 1983 (LV of 1983) এর Section 52(1)(d)(ii) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঢাকা ও চট্টগ্রাম মহানগরী এবং ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এলাকায় চলাচলকৃত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করল :

- (ক) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলরত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া প্রতি যাত্রী প্রতি কিলোমিটার হবে যথাক্রমে ১.৭০ টাকা ও ১.৬০ টাকা। বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়ার বিদ্যমান হার ৭.০০ টাকা ও ৫.০০ টাকা অপরিবর্তিত থাকবে; এবং
- (খ) ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে ভাড়ার হার প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.৬০ টাকা হবে। তবে আন্তঃজেলা বাস ও মিনিবাসের বিদ্যমান ভাড়া অপরিবর্তিত থাকবে।

(৭৮৬৫)

মূল্য : টাকা ৪.০০

২। তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ১৯ সেপ্টেম্বর, ২০১১ তারিখের ৩৫.০১৯.০৩১.০০.০২.০১০.১৯৯৭-৩৬৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে বাস ও মিনিবাসের ভাড়া নির্ধারণ করে যে প্রজ্ঞাপন জারী করা হয়েছিল তা এতদ্বারা রহিত করা হল।

৩। জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার আগামী ০১ অক্টোবর, ২০১৫ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ কামরুল আহসান

উপসচিব।